রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ২৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৫, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৫৩—৩৫৯ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭১৯—৮৯৮ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৭৫—৯৮২ | (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**তদন্ত শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ চৈত্র ১৪২৭/৩১ মার্চ ২০২১

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৭.২০-৯৫**—যেহেতু, জনাব মোঃ জহিরুল ইসলাম (পরিচিতি নম্বর ৬০১৯৯২), বর্তমানে নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, কুড়িগ্রাম, প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ পটুয়াখালী (দুদকের পত্রানুযায়ী হবিগঞ্জে কর্মরত) হিসেবে কর্মরত থাকাকালে পটুয়াখালী-কুয়াকাটা সড়ক সংস্কার সংক্রান্ত প্রকল্পের কাজ ২০১১-২০১২ অর্থবছরের বর্ষা মৌসুমে বন্ধ রাখা হয়; এবং

যেহেতু, অতি বৃষ্টিতে রাস্তা যান চলাচলের অনুপযোগী হয়ে পড়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রুপসা ইঞ্জিনিয়ার্স লিঃ-কে জরুরিভিত্তিতে রাস্তার পুনঃ সংস্কারের জন্য পত্র জারি করা হয়। কিন্তু ঠিকাদারী প্রতিষ্ঠান এ বিষয়ে কোন যোগাযোগ না করায় জনসাধারণের যাতায়াতের সুবিধার্থে যান চলাচল সচল রাখার জন্য সড়ক বিভাগের নিজস্ব উদ্যোগে উল্লিখিত সড়কটি চলাচলের উপযোগী করা হয়। পরবর্তীতে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স দি রুপসা ইঞ্জিনিয়ার্স লিঃ-কে উক্ত কাজে সড়ক বিভাগের ব্যয় বাবদ ৫,৯৯,০৭১ টাকা পরিশোধের জন্য ১৬-০৯-২০১২ তারিখে পত্র দেয়া হয় এবং ঠিকাদার দাবীকৃত উক্ত টাকা তাদের জামানত হতে সমন্বয় করার জন্য অনুরোধ করে; এবং

যেহেতু, অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক গত ২৬-০৫-২০১৩ তারিখে সড়ক ও জনপথ বিভাগ, পটুয়াখালীর বার্ষিক উন্নয়ন প্রকল্পভুক্ত রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্য সম্পাদনে এডিপিভুক্ত প্রকল্পের কাজ চলমান অবস্থায় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে ৭,৪৩,৮২১ টাকা সড়ক বিভাগ, পটুয়াখালী কর্তৃক অনিয়মতান্ত্রিকভাবে ঠিকাদারী প্রতিষ্ঠানকে পরিশোধ করা হয়েছে মর্মে আপত্তি উপস্থাপন করে; এবং

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

যেহেতু, উক্ত আপত্তির মধ্যে মেসার্স দি রুপসা ইঞ্জিনিয়ার্স লিঃ এর কাজের অংশে সড়ক বিভাগ কর্তৃক ব্যয়কৃত ৫,৯৯,০৭১ টাকা অন্তর্ভুক্ত ছিল। তৎপ্রেক্ষিতে ঠিকাদারকে উক্ত টাকা পরিশোধের জন্য বারবার পত্রের মাধ্যমে অনুরোধ করা সত্ত্বেও ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স দি রুপসা ইঞ্জিনিয়ার্স লিঃ উক্ত টাকা পরিশোধ করেনি; এবং

যেহেতু, তিনি বিগত ২০১৪ সনে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স দি রুপসা ইঞ্জিনিয়ার্স লিঃ-কে চলতি বিল প্রদানের সময় সরকারি পাওনা আদায়ের সুযোগ থাকা সত্ত্বেও আদায় না করে অসৎ উদ্দেশ্যে দায়িত্ব ও কর্তব্যকর্মে চরম অবহেলা প্রদর্শন করে ঠিকাদারের বিল থেকে ৫,৯৯,০৭১ টাকা কর্তন না করেই চলতি বিল পরিশোধ করেন; এবং

যেহেতু, তার এহেন কার্যকলাপ চাকরি শৃঙ্খলার পরিপন্থী এবং অসদাচরণ ও দুর্নীতির পরিচায়ক হিসেবে দুর্নীতি দমন কমিশন থেকে গত ১০-১১-২০২০ তারিখের ০০.০১.৭৮০০.৬৫৩.০১.০১১.১৮.২৬০৭৬ নং স্মারকের মাধ্যমে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগে প্রেরণ করা হয়; এবং

যেহেতু, তার উক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিমতে "অসদাচরণ" (Misconduct) ও "দুর্নীতি" এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (নম্বর-০৬/২০২০) রুজু করা হয়; এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকরি থেকে বরখাস্ত করা হবে না বা উপযুক্ত অন্য কোনো শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কিছু জ্ঞাত করাতে চান কি-না, কিংবা তার বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি গত ০১-১২-২০২০ তারিখে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন। সে প্রেক্ষিতে গত ০৪-০২-২০২১ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের উপসচিব, জনাব মোঃ সামীমুজ্জামান-কে গত ১৫-০২-২০২১ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ জহিরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, কুড়িগ্রাম, প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ পটুয়াখালী এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখপূর্বক গত ১৫-০৩-২০২১ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

সেহেতু, এক্ষণে জনাব মোঃ জহিরুল ইসলাম (পরিচিতি নম্বর ৬০১৯৯২), নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, কুড়িগ্রাম, প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ পটুয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) বিধিমতে 'অসদাচরণ' (Misconduct) ও 'দুর্নীতি' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (নম্বর ০৬/২০২০) দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো;

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**

সচিব।

---

**নৌপরিবহন মন্ত্রণালয়**
**নৌশিক্ষা ও প্রশিক্ষণ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ চৈত্র ১৪২৭/৩১ মার্চ ২০২১

নং **১৮.০০.০০০০.০১৭.০৬.০২২.২০-১২২**—বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এর গভর্নিং বডি নিম্নোক্ত সদস্য/প্রতিনিধির সমন্বয়ে গঠন করা হলো :

(ক) কমিটির গঠন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

**সভাপতি**

১. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

৩. বিভাগীয় কমিশনার/প্রতিনিধি

৪. চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ এর প্রতিনিধি

৫. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা

৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম

৭. যুগ্মসচিব, অর্থ মন্ত্রণালয়

৮. বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল এর উপযুক্ত প্রতিনিধি (অধ্যাপকের নিচে নয়)

৯. সভাপতি, বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতি

১০. সভাপতি, বাংলাদেশ শিপ ম্যানিং এজেন্ট এসোসিয়েশন

১১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

১২. কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল

(খ) কমিটির কার্যপরিধি :

১. মেরিন একাডেমিকে একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান হিসেবে পরিচালনার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান।

২. একাডেমির আর্থিক বিষয়সমূহ পর্যালোচনা।

৩. প্রশিক্ষণের মান এবং প্রশিক্ষণার্থীদের সার্বিক মূল্যায়ন।

৪. শিক্ষণ ও প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন।

(গ) সভাপতিসহ ৪ (চার) জন সদস্য উপস্থিত থাকলে কোরাম পূর্ণ হবে।

(ঘ) কমিটি প্রতি ৬ মাসে ১ (এক) বার অথবা বছরে ন্যূনতম ১ (এক) বার সভা করবে।

(ঙ) সভাপতির অনুপস্থিতিতে অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় সভায় সভাপতিত্ব করবেন।

(চ) এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

নং **১৮.০০.০০০০.০১৭.০৬.০২২.২০-১১৯**—বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা এর গভর্নিং বডি নিম্নোক্ত সদস্য/প্রতিনিধির সমন্বয়ে গঠন করা হলো :

(ক) কমিটির গঠন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

**সভাপতি**

১. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

৩. বিভাগীয় কমিশনার/প্রতিনিধি

৪. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর প্রতিনিধি

৫. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা

৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম

৭. যুগ্মসচিব, অর্থ মন্ত্রণালয়

৮. পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা উপযুক্ত প্রতিনিধি (অধ্যাপকের নিচে নয়)

৯. সভাপতি, বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতি

১০. সভাপতি, বাংলাদেশ শিপ ম্যানিং এজেন্ট এসোসিয়েশন

১১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

১২. কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা

(খ) কমিটির কার্যপরিধি :

১. মেরিন একাডেমিকে একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান হিসেবে পরিচালনার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান।

২. একাডেমির আর্থিক বিষয়সমূহ পর্যালোচনা।

৩. প্রশিক্ষণের মান এবং প্রশিক্ষণার্থীদের সার্বিক মূল্যায়ন।

৪. শিক্ষণ ও প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন।

(গ) সভাপতিসহ ৪ (চার) জন সদস্য উপস্থিত থাকলে কোরাম পূর্ণ হবে।

(ঘ) কমিটি প্রতি ৬ মাসে ১ (এক) বার অথবা বছরে ন্যূনতম ১ (এক) বার সভা করবে।

(ঙ) সভাপতির অনুপস্থিতিতে অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় সভায় সভাপতিত্ব করবেন।

(চ) এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

নং **১৮.০০.০০০০.০১৭.০৬.০২২.২০-১২০**—বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট এর গভর্নিং বডি নিম্নোক্ত সদস্য/প্রতিনিধির সমন্বয়ে গঠন করা হলো :

(ক) কমিটির গঠন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

**সভাপতি**

১. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

৩. বিভাগীয় কমিশনার/প্রতিনিধি

৪. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর প্রতিনিধি

৫. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা

৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম

৭. যুগ্মসচিব, অর্থ মন্ত্রণালয়

৮. শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর উপযুক্ত প্রতিনিধি (অধ্যাপকের নিচে নয়)

৯. সভাপতি, বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতি

১০. সভাপতি, বাংলাদেশ শিপ ম্যানিং এজেন্ট এসোসিয়েশন

১১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

১২. কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট

(খ) কমিটির কার্যপরিধি :

১. মেরিন একাডেমিকে একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান হিসেবে পরিচালনার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান।

২. একাডেমির আর্থিক বিষয়সমূহ পর্যালোচনা।

৩. প্রশিক্ষণের মান এবং প্রশিক্ষণার্থীদের সার্বিক মূল্যায়ন।

৪. শিক্ষণ ও প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন।

(গ) সভাপতিসহ ৪ (চার) জন সদস্য উপস্থিত থাকলে কোরাম পূর্ণ হবে।

(ঘ) কমিটি প্রতি ৬ মাসে ১ (এক) বার অথবা বছরে ন্যূনতম ১ (এক) বার সভা করবে।

(ঙ) সভাপতির অনুপস্থিতিতে অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় সভায় সভাপতিত্ব করবেন।

(চ) এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

নং **১৮.০০.০০০০.০১৭.০৬.০২২.২০-১২১**—বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর এর গভর্নিং বডি নিম্নোক্ত সদস্য/প্রতিনিধির সমন্বয়ে গঠন করা হলো :

(ক) কমিটির গঠন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

**সভাপতি**

১. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

৩. বিভাগীয় কমিশনার/প্রতিনিধি

৪. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর প্রতিনিধি

৫. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা

৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম

৭. যুগ্মসচিব, অর্থ মন্ত্রণালয়

৮. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এর উপযুক্ত প্রতিনিধি (অধ্যাপকের নিচে নয়)

৯. সভাপতি, বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতি

১০. সভাপতি, বাংলাদেশ শিপ ম্যানিং এজেন্ট এসোসিয়েশন

১১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

১২. কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর

(খ) কমিটির কার্যপরিধি :

১. মেরিন একাডেমিকে একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান হিসেবে পরিচালনার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান।

২. একাডেমির আর্থিক বিষয়সমূহ পর্যালোচনা।

৩. প্রশিক্ষণের মান এবং প্রশিক্ষনার্থীদের সার্বিক মূল্যায়ন।

৪. শিক্ষণ ও প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন।

(গ) সভাপতিসহ ৪ (চার) জন সদস্য উপস্থিত থাকলে কোরাম পূর্ণ হবে।

(ঘ) কমিটি প্রতি ৬ মাসে ১ (এক) বার অথবা বছরে ন্যূনতম ১ (এক) বার সভা করবে।

(ঙ) সভাপতির অনুপস্থিতিতে অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় সভায় সভাপতিত্ব করবেন।

(চ) এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**রেবেকা সুলতানা**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/০১ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.১১.১২৮.১০.৯৯**—পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন আইন, ২০০১ (২০০১ সালের ৫৩ নম্বর আইন) এর ৩(২)(ক) এবং ৩(৩) ধারার মর্মানুযায়ী সরকার কর্তৃক বাংলাদেশ সুপ্রিমকোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত মাননীয় বিচারপতি জনাব মোহাম্মদ আনোয়ারউল হক-কে গত ৩১-০৮-২০১৪ তারিখের-৩১.০৩৬.০৩১.০০.০০.১২৮.২০১০-২০৩ নম্বর স্মারকে জারীকৃত অনুরূপ শর্তে যোগদানের তারিখ থেকে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশনের চেয়ারম্যান পদে নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

**মোঃ মোস্তাফিজুর রহমান,** পিএএ
সচিব।

---

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২২ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১৫.১৫.১০৭**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | শ্রীমন্তপুর | ২০১ | ৭০৬ | গোদাগাড়ী | রাজশাহী |
| ২ | উজানপাড়া | ২১৮ | ৯১৬ | গোদাগাড়ী | রাজশাহী |
| ৩ | বৈলতলী | ২৭ | ২০৪৪ | চন্দনাইশ | চট্টগ্রাম |

তারিখ : ২৮ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/১১ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৮.১৫.১১১**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | নন্দীপাড়া | ২৯ | ২৭০৯ | নরসিংদী সদর | নরসিংদী | মহামান্য হাইকোর্টের ৪৪০৫/২০ নম্বর রিট পিটিশন সংশ্লিষ্ট ১৭১৩, ২২৯১, ২৩৫৩ ও ২৭৪৪ নম্বর খতিয়ান ব্যতীত গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে। |
| ২ | বরাকর | ৩৮ | ২৪৪ | লৌহজং | মুন্সীগঞ্জ | মহামান্য হাইকোর্টের ৭২৯৮/১৪ নম্বর রিট পিটিশন সংশ্লিষ্ট ১ নম্বর খতিয়ানের ৬৮, ১৫৪, ৬০৮, ৮০২, ৮২৬, ৮৬৭, ও ১২০১ নম্বর হাল দাগ ব্যতীত গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

---

## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
## টিভি- ২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২১ চৈত্র ১৪২৭/০৪ এপ্রিল ২০২১

নং **১৫.০০.০০০০.০২৪.২২.০০১.২০-১৬২**—বর্তমান বিশ্বে সম্প্রচার মাধ্যম হিসেবে টেলিভিশন একটি গুরুত্বপূর্ণ ও শক্তিশালী গণমাধ্যম। গণমাধ্যমবান্ধব সরকারের নীতি, জনগণের চাহিদা এবং দ্রুত বর্ধণশীল অর্থনীতির ফলে বাংলাদেশে টেলিভিশন শিল্প ব্যাপক প্রসার লাভ করেছে। প্রতিনিয়ত গণমাধ্যমে বাণিজ্যিক বাজার ব্যাপক বিস্তৃত হচ্ছে। প্রতিযোগিতাপূর্ণ এ সম্প্রচার শিল্পে জনপ্রিয়তার উপর নির্ভর করে বিজ্ঞাপনের দর নির্ধারিত হয়। টেলিভিশন রেটিং পয়েন্ট (টিআরপি) নিরূপণের মাধ্যমে টিভি চ্যানেলের জনপ্রিয়তা অর্থাৎ দর্শক শ্রোতার সংখ্যা যাচাই করা হয়। বর্তমানে বাংলাদেশে যে সকল প্রতিষ্ঠান টিআরপি কার্যক্রম পরিচালনা করছেন তারা কেউই বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত নয়। টিআরপি নিরূপণে সচ্ছতা আনায়নের জন্য বিজ্ঞানসম্মত উপায় অনুসরণ বর্তমান সময়ের দাবি। দেশে বঙ্গবন্ধু স্যাটেলাইটের কারিগরি সহোযোগিতায় বিজ্ঞানসম্মত উপায়ে উন্নত প্রযুক্তিতে টিআরপি নির্ধারণের আবশ্যকতা রয়েছে।

০২। বর্ণিতাবস্থার প্রেক্ষাপটে, একটি সুশৃংখল, মানসম্মত ও প্রতিযোগিতামূলক প্রচার ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে টেলিভিশন রেটিং পয়েন্ট (টিআরপি) নির্ধারণের প্রতিষ্ঠান নির্বাচন, কারিগরি সহায়তা প্রদান ও কার্যক্রম মনিটরিং করার জন্য অনুসরণীয় নিয়মাবলি (Code of Guidence) নিম্নরূপ :

(ক) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় নির্দিষ্ট মেয়াদে বাংলাদেশি টিভি চ্যানেলের টিআরপি নির্ধারণের কার্যক্রম পরিচালনা করার জন্য আগ্রহী বেসরকারি প্রতিষ্ঠানের নিকট হতে প্রজ্ঞাপনমূলে দরখাস্ত আহবান করবে।

(খ) আগ্রহী দেশি ও বাংলাদেশে নিবন্ধিত বিদেশি বেসরকারি প্রতিষ্ঠান নির্ধারিত তারিখের মধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিবের নিকট বাংলাদেশি টিভি চ্যানেলের টিআরপি নিরূপণের কার্যক্রম পরিচালনা করার জন্য দরখাস্ত দাখিল করতে পারবে। সেক্ষেত্রে বিদেশি বেসরকারি প্রতিষ্ঠানের অবশ্যই বাংলাদেশে অফিস থাকতে হবে।

(গ) আবেদনকারি প্রতিষ্ঠানকে অবশ্যই আবেদন পত্রের সাথে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিবের অনুকূলে নিরাপত্তা জামানত বাবদ ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জমা দিতে হবে। আবেদনপত্র যোগ্য হিসেবে বিবেচিত না হলে উক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে।

(ঘ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় নির্দিষ্ট মেয়াদে বাংলাদেশি টিভি চ্যানেলের টিআরপি নির্ধারণের কার্যক্রম পরিচালনা করার জন্য যোগ্যতা সম্পন্ন এক বা একাধিক প্রতিষ্ঠানকে অনুমোদন দিতে পারবে।

(ঙ) টিআরপি নির্ধারণ কার্যক্রম মনিটর করার জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব এর নেতৃত্বে অংশীজনদের সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠন করবে।

(চ) বাংলাদেশি টিভি চ্যানেলের টিআরপি নিরূপণের কার্যক্রম পরিচালনা করার জন্য নির্বাচিত কোনো প্রতিষ্ঠানকে অনাপত্তিপত্র গ্রহণের পূর্বে লাইসেন্স ফি বাবদ ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা চালানের মাধ্যমে (১-৩৩০১-০০০১-১৮৫৪) কোডে জমা দিয়ে চালানের কপি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় চালানের কপি যাচাইপূর্বক নিশ্চিত হয়ে নির্বাচিত প্রতিষ্ঠানের অনুকূলে অনাপত্তি প্রদান করবে।

(ছ) দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান বঙ্গবন্ধু স্যাটেলাইট থেকে কারিগরি সহায়তা নিয়ে মনিটরিং কমিটির সন্তুষ্টি সাপেক্ষে পর্যাপ্ত সংখ্যক স্থানে আধুনিক প্রযুক্তির ডিভাইস ব্যবহার করে

টিআরপি নির্ধারণ করবে। দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হতে অনুমোদিত বাংলাদেশি টিভি চ্যানেলের তালিকা সংগ্রহ করবে।

(জ) বঙ্গবন্ধু স্যাটেলাইট এর কারিগরি সহযোগিতা ব্যবহারের কারণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট থেকে বঙ্গবন্ধু স্যাটেলাইট কর্তৃপক্ষ নির্দিষ্ট হারে ফি গ্রহণ করতে পারবে।

(ঝ) দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহ টিআরপি নির্ধারণপূর্বক প্রতিবেদন প্রকাশ করায় অনুমোদিত বাংলাদেশি টিভি চ্যানেলের নিকট হতে প্রতি মাসে সার্ভিস চার্জ বাবদ নির্দিষ্ট ফি গ্রহণ করতে পারবে।

(ঞ) দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহ টিআরপি নির্ধারণপূর্বক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক গঠিত টিআরপি মনিটরিং কমিটিকে অবহিত করে প্রতিবেদন প্রকাশ করবে।

০৩। জনস্বার্থে এ আদেশ আগামী ২০ এপ্রিল ২০২১ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুজিনা সুলতানা**
উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ বৈশাখ ১৪২৮/০৬ মে ২০২১

নং **২৩.০০.০০০০.০৭০.২৩.০৬০.০৯.১০১**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত ৩ (তিন) জন কর্মকর্তাকে সৌদি আরব সরকার কর্তৃক প্রদত্ত পদক "EX Dar'ul-Al Khaleej (Shield of Gulf-1)" গ্রহণ এবং পরিধানের অনুমতি প্রদান করা হলো :

| ক্র. নং | কর্মকর্তাদের পদবি, নাম, নম্বর ও শাখা | মন্তব্য |
|---|---|---|
| ১. | গ্রুপ ক্যাপ্টেন (বর্তমানে এয়ার কমডোর) সৈয়দ সাঈদুর রহমান, বিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৩৮৮), জিডি (পি) | সনদ ও পদক |
| ২. | গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ সহিদুল ইসলাম, বিইউপি, এসিএসসি, পিএসসি (বিডি/৮৫৯৯), জিডি (পি) | সনদ ও পদক |
| ৩. | স্কোয়াড্রন লিডার (বর্তমানে উইং কমান্ডার), এ বি এম সাঈদুর রহমান, পিএসসি (বিডি/৯০৪১), এডিডব্লিউসি | সনদ ও পদক |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ার হোসাইন পাটোয়ারী**
সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-০১ শাখা**

**আদেশ**

তারিখ : ১৪ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/২৮ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১১.১৯-৫৭**—যেহেতু, জনাব ইকবাল কবির চৌধুরী, সিনিয়র জেল সুপার (চলতি দায়িত্ব), ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার এর বিরুদ্ধে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে কর্মকালে দুর্নীতি ও অসদাচরণের অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগ তদন্তের জন্য জনাব মনিরুল আলম, অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগকে সভাপতি করে চার সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত অভিযোগসমূহ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অপরাধে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৯/২০১৯ রুজুপূর্বক এ বিভাগের ২৫-০৬-২০১৯ তারিখের ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১১.১৯.১১২ স্মারকমূলে তাকে কারণ দর্শানো হয়। তিনি গত ২২-০৮-২০১৯ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন;

যেহেতু, তার প্রার্থনার পরিপ্রেক্ষিতে গত ২৪-১০-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তাসহ সরকার পক্ষের নথি উপস্থাপন করেন জনাব সুরাইয়া আক্তার, সহকারী কারা মহাপরিদর্শক (আইন), কারা অধিদপ্তর, ঢাকা;

যেহেতু, উভয় পক্ষের বক্তব্য ও নথিতে রক্ষিত কাগজপত্রের আলোকে মামলার বিষয়ে আরো অগ্রসরের জন্য জনাব সৈয়দ আবদুল মমিন, অতিরিক্ত সচিব ও জনাব মুহাম্মদ আব্দুর রউফ মিয়া, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ২৬-১২-২০১৯ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব ইকবাল কবির, সিনিয়র জেলা সুপার (চলতি দায়িত্ব) এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় প্রাথমিক তদন্ত প্রতিবেদন, অভিযোগ, বিবরণী অভিযোগনামা, দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানির বক্তব্য ইত্যাদি পর্যালোচনা শেষে জনাব ইকবাল কবির চৌধুরী, সিনিয়র জেল সুপার (চলতি দায়িত্ব) ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার, ময়মনসিংহ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব ইকবাল কবির চৌধুরী, সিনিয়র জেলা সুপার (চলতি দায়িত্ব), ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার, ময়মনসিংহ এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) এর (খ) উপবিধি মোতাবেক পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হল।

**মোঃ শহিদুজ্জামান**
সিনিয়র সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**কারিগরি-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/১৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯**—ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ণ ইমার্জিং টেকনোলজিসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের সরকারি চাকরি প্রাপ্তি বিষয়ক বিদ্যমান সমস্যার সমাধান এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে অধ্যয়নরত শিক্ষার্থীদের ভবিষ্যত কর্ম সংস্থানের সুযোগ বিবেচনায় মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ণ ইমার্জিং টেকনোলজিসমূহ সরকার নিম্নরূপভাবে পুনর্বিন্যাস করিলেন:

| ক্রমিক | মূল টেকনোলজি | মূল টেকনোলজির সাথে পুনর্বিন্যাসকৃত ইমার্জিং টেকনোলজিসমূহ |
|---|---|---|
| ০১ | সিভিল | সিভিল উড, কন্সট্রাকশন, এনভায়রনমেন্ট |
| ০২ | আর্কিটেকচার | ইন্টেরিয়র ডিজাইন |
| ০৩ | ইলেক্ট্রিক্যাল | ইলেকট্রনিক্স, ইলেকট্রো-মেডিক্যাল, টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেনটেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল |
| ০৪ | কম্পিউটার | কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ডাটা টেলিকমিউনিকেশন অ্যান্ড নেটওয়ার্কিং |
| ০৫ | মেকানিক্যাল | মেকাট্রনিক্স, পাওয়ার, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, অটোমোবাইল, মাইনিং অ্যান্ড মাইন সার্ভে |
| ০৬ | কেমিক্যাল | ফুড |
| ০৭ | মেরিন | শিপবিল্ডিং |
| ০৮ | এয়ারক্রাফট মেইনটেন্যান্স | এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এরোস্পেস), এয়ারক্রাফট মেইনটেন্যাস (এভিয়োনিক্স) |
| ০৯ | লেদার | লেদার প্রোডাক্ট অ্যান্ড এক্সেসরিজ, ফুটওয়্যার। |

**অনুসরণীয় কার্যক্রম:**

০১। মূল টেকনোলজির সাথে পুনর্বিন্যাসকৃত টেকনোলজির পঠিত বিষয়সমূহের কমপক্ষে ৬৫% মিল বা সমতা থাকিলে সমতুল্য সনদ প্রদান, অন্যথায় আগ্রহী শিক্ষার্থীদেরকে মেকআপ বিষয়/বিষয়সমূহে অধ্যয়নের সুযোগ প্রদান এবং পুনরায় মূল্যায়নপূর্বক সমতুল্য সনদায়নের ব্যবস্থা করিতে হইবে। এই ক্ষেত্রে বাস্তবতার নিরিখে যথাযথ পর্যালোচনাপূর্বক ইমার্জিং টেকনোলজির সকল বিষয়কে মূল টেকনোলজির সাথে সমন্বয় অথবা ২-৩ বছর একই বিষয়ে (Core Subjects) অধ্যয়ন শেষে শিক্ষার্থীগণ ইমার্জিং টেকনোলজির কোনো বিষয়কে বিশেষ কোর্স (Specialized Course) হিসেবে গ্রহণ করিবে বা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড শিক্ষার্থীদের মেকআপ বিষয়ে বিশেষ কোর্স নির্ধারণ করিবে।

০২। ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি টেকনোলজি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের অন্তর্ভুক্ত না করিয়া উক্ত বিষয়টিকে বিভিন্ন অকুপেশন/ট্রেডভিত্তিক শর্ট কোর্সে রূপান্তরপূর্বক পরিচালনা করিতে হইবে। ভবিষ্যতে ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি টেকনোলজিতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সটি বন্ধ থাকিবে, তবে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীগণ এই কোর্সটি যথানিয়মে সম্পন্ন করিবেন।

০৩। গ্রাফিক আর্টস ইন্সটিটিউট, বাংলাদেশ গ্লাস অ্যান্ড সিরামিকস ইন্সটিটিউট ও বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউটের শিক্ষা কার্যক্রম মনোটেকনিক ইন্সটিটিউট হিসেবে পূর্বের ন্যায় অব্যাহত থাকিবে। মনোটেকনিক প্রতিষ্ঠানসমূহে স্থানীয় ও বৈদেশিক কর্মের চাহিদা বিবেচনা করিয়া প্রয়োজনীয় সংখ্যক অকুপেশনভিত্তিক শর্ট কোর্স চালু করিতে হইবে। মনোটেকিনিক ইন্সটিটিউটের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণ বিষয়ে পুনঃপরীক্ষা/পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাইজার মোহাম্মদ ফারাবী**
উপসচিব।